তারিখ: 31 OCT 2017
পৃষ্ঠা: ৫ কলাম: ৫

ভর্তি পরীক্ষায় জালিয়াতি

# ঢাবির দুই শিক্ষার্থী সাময়িক বহিষ্কার

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষায় জালিয়াতির অপরাধে দুই শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয় থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। গত রোববার রাতে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক এ কে এম গোলাম রব্বানী এ তথ্য নিশ্চিত করেন।

বহিষ্কৃত দুই শিক্ষার্থী হলেন বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের ২০১১-১২ শিক্ষাবর্ষের মহিউদ্দীন রানা ও ফলিত রসায়ন বিভাগের ২০১৪-১৫ শিক্ষাবর্ষের আবদুল্লাহ মামুন। এর আগে রানাকে ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সহ-সম্পাদকের পদ থেকেও বহিষ্কার করা হয়।

সিন্ডিকেট সভায় উপস্থিত একাধিক সদস্য জানান, ভর্তি পরীক্ষার আগের রাতে প্রশ্ন জালিয়াতির সঙ্গে জড়িত থাকার অপরাধে আটক করা এ দুই ছাত্রকে বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা ভঙ্গের দায়ে সাময়িক বহিষ্কার করা হয়েছে।